গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪১.০৩০.১৯.০০.০১৯.২০১০ (অংশ-২) ৫৯০

তারিখঃ ২৫ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ
০৯ সেপ্টেম্বর ২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ দেশের জাতীয় প্রতিষ্ঠানসমূহে 'বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র (১৫ খন্ড) গ্রন্থমালা' সরাসরি ক্রয়ের মাধ্যমে বিতরণ প্রসঙ্গে।

সূত্র: হাক্কানী পাবলিশার্সের পত্র নং-হাপা-দলিলপত্র-১৮/০৪, তারিখ: ০৭/০৫/২০১৮ খ্রি:

বর্তমান সরকার মুক্তিযুদ্ধ এবং বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধ সম্পর্কিত মূল্যবান দলিলপত্র সংরক্ষণের উদ্যোগ নিয়েছে, যাতে ভবিষ্যৎ প্রজন্ম বাংলাদেশের প্রকৃত ইতিহাস সম্পর্কে যথাযথভাবে অবহিত হতে পারে। এ লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে মেসার্স হাক্কানী পাবলিশার্স, ধানমন্ডি, ঢাকা কর্তৃক প্রকাশিত প্রয়াত হাসান হাফিজুর রহমান সম্পাদিত "বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র-১৫ খন্ড" গ্রন্থমালা সংগ্রহপূর্বক এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহে সংরক্ষণের জন্য অনুরোধ করা হয়েছিল। কিন্তু স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার সকল কার্যালয় এবং প্রতিষ্ঠানসমূহে এখনও সম্পূর্ণভাবে উক্ত গ্রন্থমালা ক্রয়পূর্বক সংরক্ষণ করা হয় নাই। মেসার্স হাক্কানী পাবলিশার্স প্রকাশিত "বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র-১৫ খন্ড" গ্রন্থমালার প্রতিসেটের সরকারি নির্ধারিত মূল্য ছিল ১৫,০০০/- (পনের হাজার) টাকা। বর্তমানে হাক্কানী পাবলিশার্স প্রতিটি সেটের মূল্য নির্ধারণ করেছে ২০,০০০/- (বিশ হাজার) টাকা।

এমতাবস্থায়, এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের যে সকল কার্যালয়ে এখনও প্রয়াত হাসান হাফিজুর রহমান সম্পাদিত "বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র-১৫ খন্ড" গ্রন্থমালা সংগ্রহ করা হয় নাই সে সকল কার্যালয়ে পূর্ব নির্ধারিত ১৫,০০০/-(পনের হাজার) টাকা মূল্যে (হাক্কানী পাবলিশার্স যদি রাজি থাকে) ০১ (এক) মাসের মধ্যে উক্ত গ্রন্থমালা ক্রয় করে এ বিভাগকে জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ড. জুলিয়া মঈন
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৭৬
ই-মেইল: lgadmin2@lgd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিপ্তর, ঢাকা।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা (সকল),.....সিটি কর্পোরেশন ।
৩। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা ওয়াসা।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা (সকল), ... জেলা পরিষদ।
৫। মেয়র/প্রশাসক (সকল), ... পৌরসভা, ... জেলা।
৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ...উপজেলা, ... জেলা।

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৩। জনাব গোলাম মোস্তফা, স্বত্বাধিকারী, হাক্কানী পাবলিশার্স, মমতাজ প্লাজা, বাড়ি-৭, সড়ক নং-৪, ধানমন্ডী, ঢাকা।
৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।